কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নম্বরঃ ১২.০০.০০০০.০৯৭.০১.০০৮.১৮.২২৮** **তারিখ : ২২-০৪-২০১৮**

**বিষয়ঃ বীজ বিধিমালা, ২০১৮ এর ওপর অনুষ্ঠিত সিড রেগুলেটরি রিফর্ম কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে ১৬-০৪-২০১৮ তারিখে মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় ও সচিব, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বীজ বিধিমালার খসড়ার ওপর অনুষ্ঠিত সিড রেগুলেটরি রিফর্ম কমিটির ১ম সভার কার্যবিবরণী এদৎসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সদস্যদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

২২/৪/১৮

মো: আজিম উদ্দিন
প্রধান বীজতত্ত্ববিদ
ও
সদস্য সচিব, সীড রেগুলেটরী রিফর্ম কমিটি
ফোন ঃ ৯৫৪০২৩৮
E-mail : azimseed@gmail.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিতরণ :**

০১। ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান বিএআরসি, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০২। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৩। পরিচালক, ক্রপস উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৪। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর, গাজীপুর-১৭০১;
০৫। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
০৮। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
০৯। প্রফেসর ড. লুৎফুর রহমান, হাউজ #০৯, রোড# ১৫, সেকশন-১২, উত্তরা, ঢাকা-১২৩০;
১০। প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া, অধ্যাপক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
১১। ড. মোঃ নজমুল হুদা, বীজ বিশেষজ্ঞ, প্রপার্টি ফেয়ার, ২ লেক সাকার্স, কলাবাগান ঢাকা;
১২। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ও সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন;
১৩। জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সিড কোম্পানি, বাড়ী#১০, গরীবে নেওয়াজ এভিনিউ, সেক্টর # ১৩,উত্তরা, ঢাকা-১২৩০;
১৪। জনাব মাহবুব আনাম, ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সিড কোম্পানি, এ্যাংকর টাওয়ার, ১/১বি, সোনারগাঁও রোড, ঢাকা;
১৫। এফ আর মালিক, মল্লিকা সিড কোম্পানি, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;
১৬। জনাব মোঃ শাহজাহান আলী, অ্যাডভাইজার, পেট্রোকেম বাংলাদেশ লিঃ, এবিসি হেরিটেজ, জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৭। জনাব সরদার এমডি সালাউদ্দিন, এগ্রো ইনপুট কোয়ালিটি কন্ট্রোল এন্ড স্ট্যান্ডার্ড স্পেশালিস্ট, ইউএসএআইডি, বাংলাদেশ, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। মহাপরিচালক (বীজ) ও অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অফিস কপি।

E:\letter - Cercular-13.doc

**‘বীজ বিধিমালা, ২০১৮’-এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে অনুষ্ঠিত**
**সিড রেগুলেটরি রিফর্ম কমিটির ১ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : আশ্রাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
সভার তারিখ : ১৬ এপ্রিল ২০১৮
সময় : সকাল ১১.০০টা
স্থান : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে বাংলা নববর্ষের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান বীজতত্ত্ববিদ বিধিমালাটির খসড়া ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। বিধিমালায় মোট ৪১টি বিধির মধ্যে সভায় প্রথম ৫টি বিধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ফসলের জাত মূল্যায়ন, জাতের নিবন্ধন, মেইনটেন্যান্স ব্রিডিং, প্রজনন বীজ বিতরণ, বীজ ডিলারের যোগ্যতা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. বিধিমালায় উল্লিখিত ‘প্রত্যায়িত বীজ’ শব্দটির প্রমিত বাংলা বানান ‘প্রত্যয়িত বীজ’ লিখতে হবে;

২. দেশে বীজ ব্যবস্থা আরো নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য নিবন্ধিত বীজ ডিলারদের বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করে বিধিমালায় সুস্পস্টভাবে প্রস্তাব দিতে হবে;

৩. বিধিমালায় উল্লিখিত ‘বীজ ব্যবসায়ী’ শব্দটি ‘বীজ আইন, ২০১৮’ অনুযায়ী ‘বীজ ডিলার’ লিখতে হবে;

৪. জাতের মূল্যায়ন, জাতের নিবন্ধন, মেইনটেন্যান্স ব্রিডিং, প্রজনন বীজ বিতরণ, কৃষকের নিকট ভিত্তি বীজ বিক্রয় না করা, প্রত্যয়িত বীজ হতে প্রত্যয়িত বীজ উৎপাদন, বীজ ডিলারের যোগ্যতা ইত্যাদির বিষয়ে আইনের ধারার সাথে মিল রেখে বিস্তারিত এবং সুস্পস্ট বিধি সংযোজন করতে হবে;

৫. ‘বীজ আইন, ২০১৮’-এর সাথে সামঞ্জস্য রেখে প্রস্তাবিত বিধি মিলিয়ে খসড়া প্রণয়ন করতে হবে;

৬. আজকের সভায় প্রাপ্ত মতামত সংযোজন, বিয়োজন ও ভাষাগত পরিবর্তন করে প্রস্তাবিত বিধির খসড়াটি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;

৭. বাংলা বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির প্রমিত বাংলা রীতি অনুসরণ করতে হবে;

৮. ‘বীজ বিধিমালা, ২০১৮’-এর খসড়ার ওপর আরো কোনো মতামত থাকলে তা আগামী ১০ মে ২০১৮ তারিখের মধ্যে লিখিতভাবে বীজ প্রত্যয়ন এজেন্সি (director@sca.gov.bd) এবং মন্ত্রণালয়ে (azimseed@gmail.com) প্রেরণের অনুরোধ জানানো হলো।

পরিশেষে সভাপতি সভায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/8/18

আশ্রাফ উদ্দিন আহমেদ
অতিরিক্ত সচিব ও মহাপরিচালক
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়।